যুগান্তর

তারিখ ... 18 OCT 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৬ ...

ছাত্রলীগ নেতার নিয়োগ বাতিল দাবি

# ভিসিকে জাবি শিক্ষক সমিতির ২৪ ঘণ্টার আলটিমেটাম

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফয়সাল হোসেন দীপুকে চাকরি থেকে অব্যাহতি দিতে ভিসিকে ২৪ ঘণ্টা সময় বেঁধে দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। শিক্ষক সমিতির সিদ্ধান্ত অনুযায়ী বেঁধে দেয়া সময়ের মধ্যে নিয়োগ বাতিল করা না হলে ১৯ অক্টোবর থেকে সর্বাত্মক কর্মবিরতি পালন করবেন শিক্ষকরা। শনিবার শিক্ষক সমিতির সাধারণ সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয় বলে যুগান্তরকে নিশ্চিত করেছেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মাফরুহী সাত্তার টিটু। শিক্ষকদের এ সিদ্ধান্ত বাস্তবায়িত হলে ২৫ অক্টোবর থেকে শুরু হতে যাওয়া ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা বাধাগ্রস্ত হবে।

শিক্ষক সমিতি সূত্রে জানা যায়, ফেডারেশনের সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো ও অষ্টম জাতীয় বেতন কাঠামো পুনর্নির্ধারণ করা না হলে আগামী ২ নভেম্বর থেকে সব বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের কর্মবিরতি পালনের কথা রয়েছে। তবে ফেডারেশন সব ধরনের ভর্তি পরীক্ষা এই কর্মবিরতির আওতামুক্ত রাখার ঘোষণা দিয়েছে। এদিকে শিক্ষক লাঞ্ছনার অভিযোগে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফয়সাল হোসেন দীপুকে চাকরি থেকে অব্যাহতির বিষয়টিকে সামনে নিয়ে এসে ভর্তি পরীক্ষা শুরুর আগেই কর্মবিরতিতে যাওয়ার পক্ষে মত দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। শনিবার দুপুরে জহির রায়হান মিলনায়তনের সেমিনার কক্ষে শিক্ষক সমিতির সাধারণ সভায় অধিকাংশ শিক্ষক ভর্তি পরীক্ষা না নেয়ার পক্ষে মত দেন। সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মাফরুহী সাত্তার টিটু যুগান্তরকে বলেন, সভায় ভর্তি পরীক্ষা না নেয়ার সিদ্ধান্ত হয়েছে এটা ঠিক। কিন্তু আমরা দ্রুত সমিতির জরুরি সভা ডেকে এ সিদ্ধান্ত পুনর্বিবেচনার চেষ্টা করব। এ লক্ষ্যে আজ রোববার শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের জরুরি সভাও ডাকা হয়েছে।